

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৭.২০১৪/৬০

তারিখঃ ১০/০৭/২০১৪ খ্রিঃ

প্রেরকঃ প্রথম সচিব (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

বিষয়ঃ অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে লীজ দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৪% হারে ৫৩HH ধারায় করারোপ এবং রাজউকের আওতাধীন জমি বা স্থাপনা হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে ৫৩H ধারায় কাঠা প্রতি করারোপ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ তে নতুন ধারা ৫৩HH সন্নিবেশ করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ), এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সম্পাদিত দীর্ঘমেয়াদী লীজ দলিল মূল্যের উপর ৪% হারে লীজ প্রদানকারী কর্তৃপক্ষ (lessor) কর্তৃক কর প্রদানের বিধান করা হয়েছে।

০৩। উল্লেখ্য যে, ২৬ জুন, ২০১৪ তারিখে জারীকৃত এস,আর,ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪ মোতাবেক (কপি সংযুক্ত) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষসহ ২৯ টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মূলধনী আয় ব্যতীত অন্য সকল আয়ের উপর হ্রাসকৃত ২৫% হারে করারোপ করা হয়েছে। বরাদ্দকৃত প্লটের/এপার্টমেন্টের লীজ দলিল রেজিস্ট্রেশনকালে রাজউক কর্তৃক ৫৩HH ধারায় ৪% হারে পরিশোধিত কর রাজউকের করযোগ্য আয়ের উপর প্রদেয় করের বিপরীতে সমন্বয় করা যাবে।

০৪। বাজেট কার্যক্রম ২০১৪ এর মাধ্যমে জমি বা স্থাপনা হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে অগ্রিম কর আদায় সংক্রান্ত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩H ধারা সংশোধন এবং উক্ত ধারা অনুসারে করারোপের বিষয়ে একটি নতুন বিধি ১৭II সন্নিবেশ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত বিধির তফসিল (a) এবং (b) তে ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর ও নারায়নগঞ্জ জেলায় যে সকল জমি/স্থাপনা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ অথবা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ইতোপূর্বে লীজ বরাদ্দ বা বিক্রয় করা হয়েছিল, সে সকল জমি বা স্থাপনা পরবর্তীতে হস্তান্তর/বিক্রয় দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস,আর,ও নং ৪৯-আইন/২০১১, তাং ৭ মার্চ ২০১১ এবং রাজউক এর অফিস আদেশ নং- ৪/২০১১, তাং- ১৫ মার্চ, ২০১১ তে বর্ণিত বিভিন্ন এলাকার জন্য বিভিন্ন হারে কাঠা প্রতি করারোপের বিধান করা হয়েছে।

কাঠা প্রতি কর পরিশোধের উক্ত বিধি-বিধান যথাযথভাবে প্রয়োগের স্বার্থে রাজউক এর আওতাধীন জমি/স্থাপনা বিক্রয় বা হস্তান্তরের অনুমতিপত্র প্রদানের সময় উক্ত অনুমতিপত্রে সুনির্দিষ্টভাবে জমির অবস্থান তথা প্লট নম্বর, এভিনিউ নম্বর, সড়ক নম্বর, এলাকার নাম, ইত্যাদি উল্লেখ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

১০/০৭/২০১৪

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)

প্রথম সচিব (কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোনঃ ৮৩১১৩৯৬